দৈনিক খবর

তারিখ 22 OCT 1991
পৃষ্ঠা ৫ কলাম ৫

# দারিদ্র্য ও অশিক্ষায় গণতন্ত্র বিকশিত হয় না ঃ জমিরউদ্দিন

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ২০০০ সালের মধ্যে ছাত্র-ছাত্রীদের সার্বিক ভর্তির হার ৬৭% থেকে ৯০% ভাগে বৃদ্ধি, ২০০০ সালে ছাত্রীদের ভর্তির হার ৯০% ভাগ বৃদ্ধি এবং বিদ্যালয় ত্যাগের হার শূন্য শতাংশে কমিয়ে আনার পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, এ সময়ে যুবক ও বয়স্কদের সাক্ষরতার হার ৬৫% ভাগে উন্নীত করা হবে।

শিক্ষামন্ত্রী গত ১৮ই অক্টোবর প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ২৬তম সাধারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা হিসেবে বক্তৃতা করছিলেন। ইউনেস্কোর ১৬০টি সদস্য দেশ এ সম্মেলনে অংশ নিচ্ছে।

শিক্ষামন্ত্রী বলেন, নিরক্ষরতা দূরীকরণ বর্তমান সরকারের রাজনৈতিক কর্মসূচীর শীর্ষে রয়েছে। তিনি বলেন, দায়িত্ব গ্রহণ করেই বিএনপি সরকার শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সূচিত গণশিক্ষা কর্মসূচী পুনরায় চালু করার কাজ শুরু করেছে। তিনি বলেন, বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগসংকুল দেশ এবং এ দেশের শিক্ষাক্রমে দুর্যোগ বিষয়ক শিক্ষার অন্তর্ভুক্তি অপরিহার্য। তথ্য বিবরণী।

ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, গণতন্ত্র ও উন্নয়ন কখনো দারিদ্র্য ও অশিক্ষার পরিবেশে বিকশিত হয় না এবং এ জন্য দারিদ্র্য ও নিরক্ষরতার নিরসন অপরিহার্য। তিনি বলেন, নিরক্ষরতা দূরীকরণ একটি সম্মিলিত এবং আন্তর্জাতিক কর্মসূচী এবং এজন্য বিভিন্ন দেশের মধ্যে আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা প্রয়োজন। তিনি বাংলাদেশের সার্বজনীন প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়নে ইউনেস্কোর বর্ধিত সহযোগিতা কামনা করেন।

II